



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৫, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
বন্দর উন্নয়ন শাখা

প্রজ্ঞাপন

চাকা, ১২ই বৈশাখ, ১৩৯৬/২৫শে এপ্রিল, ১৯৮৯

নং এস. আর. ও ১০৪-আইন/৮৯—Dock Worker's (Regulation of Employment) Act, 1980 (XVII of 1980) এর Section 23 তে প্রদত্ত মতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

প্রথম অধ্যায়

সূচনা

১। সর্কিন্ত শিরনামা ও প্রয়োগ।— (১) এই বিধিমালা চৃত্যাম ডক শ্রমিক বাবস্থাপনা বোর্ডের কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা বোর্ডের সকল সার্কুলার কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে চৃত্তি ভিত্তিতে নিরোজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই বিধিমালার কোন কিছু প্রযোজ্য বিলিয়া তাহাদের চাকুরীর চৰ্কিতে প্রস্তুতভাবে উল্লিখিত না থাকিলে ইহার বিধানাবলী প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়:—

(ক) “অসদাচারণ” বলিতে চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হানিকর, অথবা কোন কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয়, এমন, আচরণকে বৃঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা:

(১) উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমানাকরণ;

- (১) কর্তব্যে অবহেলা ;
- (৩) কোন আইনসংগত কারণ বাতিরেকে বোর্ডের কোন আদেশ পরিপন্থী অথবা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন ; এবং
- (৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিচার বিবেচনাহীন বিরাঙ্গকর, মিথ্যা বা অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশকরণ ;
- (৬) "উপর্যুক্ত কর্তৃপক্ষ" বলিতে এই বিধিমালার অধীন কোন নির্দিষ্ট কার্য নিষ্পত্তির জন্য উপর্যুক্ত কর্তৃপক্ষ হিসাবে বোর্ড কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বৃৰাইবে ;
- (৭) "কর্তৃপক্ষ" বলিতে নিরোগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বৃৰাইবে এবং নিরোগকারী কর্তৃপক্ষের উপর কর্তৃপক্ষও ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (৮) "কর্মকর্তা" বলিতে বোর্ডের কোন কর্মকর্তাকে বৃৰাইবে ;
- (৯) "কর্মচারী" বলিতে বোর্ডের স্থানী বা অস্থানী বে কোন কর্মচারীকে বৃৰাইবে, এবং বে কোন কর্মকর্তা ও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;
- (১০) "চেয়ারম্যান" বলিতে বোর্ডের চেয়ারম্যানকে বৃৰাইবে ;
- (১১) "তফসিল" বলিতে এই বিধিমালার সাহিত সংযোজিত তফসিলকে বৃৰাইবে ;
- (১২) "ডিপ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" বলিতে ক্ষেত্রমত স্বীকৃত বিষ্঵বিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইন্সটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিপ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেটকে বৃৰাইবে ;
- (১৩) "নিরোগকারী কর্তৃপক্ষ" বলিতে বোর্ডকে বৃৰাইবে এবং কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য বোর্ড কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা ও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;
- (১৪) "পদ" বলিতে তফসিলে উল্লিখিত কোন পদকে বৃৰাইবে ;
- (১৫) "পলায়ন" বলিতে বিনা অনুমতিতে চাকুরী বা কর্মসূল ত্যাগ করা, অথবা ষাট দিন বা তদুৎ্ত সময় ব্যাপক কর্তব্য হইতে অনুপন্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপন্থিত ধারাবাহিকতার অনুমোদিত মেয়াদের পর ষাট দিন বা তদুৎ্ত সময় পুনঃ অনুমতি প্রাপ্ত ব্যাপক অনুপন্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশ ত্যাগ এবং প্রিয় দিন বা তদুৎ্ত সময় বিদেশে অবস্থান করা, অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করা, বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের প্রাপ্ত ষাট দিন বা তদুৎ্ত সময় বিদেশে অবস্থান করাকে বৃৰাইবে ;
- (১৬) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে কোন পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাকে বৃৰাইবে ;
- (১৭) "বাছাই কার্মিট" বলিতে বিধি ৪ এর অধীন গঠিত কোন বাছাই কার্মিটকে বৃৰাইবে ;
- (১৮) "বোর্ড" অর্থ Dock Worker's (Regulation of Employment) Act, 1980 (XVII of 1980 এর Section 4 এর অধীন চট্টগ্রাম বন্দরের জন্য গঠিত বোর্ডকে বৃৰাইবে ;
- (১৯) "স্বীকৃত ইন্সটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বলিতে, এই বিধিমালার উদ্দেশ্য প্রয়োকল্পে বোর্ড কর্তৃক স্বীকৃত কোন ইন্সটিউট বা প্রতিষ্ঠানকে বৃৰাইবে ;

- (ত) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের স্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধিগ্রামার উদ্দেশ্য প্ররূপকল্পে, বোর্ড কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (থ) "স্বীকৃত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের স্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধিগ্রামার উদ্দেশ্য প্ররূপকল্পে, বোর্ড কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

শ্বতুর্মুখ অধ্যায়

নিয়োগ

৩। নিয়োগ পদ্ধতি।— (১) এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিয়োগ পদ্ধতিতে নিয়োগ দান করা যাইবে, যথা:—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;
 (খ) পদোন্নতির মাধ্যমে ;

(২) কোন পদের জন্য কোন বাস্তির প্রয়োজনীয় যোগাতা না থাকলে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে নিয়ারিত বয়স-সীমার মধ্যে না হইলে তাহাকে উক্ত পদে নিয়োগ করা হইবে না:

তবে শর্ত থাকে যে, সরকারের নির্দেশ অনুসারে কোন বিশেষ শ্রেণীর প্রাথমিকগণের ক্ষেত্রে উক্ত বয়স-সীমা শিথিলযোগ্য হইবে।

(৩) বাছাই কর্মসূচি।— কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে, বোর্ড এক বা একাধিক বাছাই কর্মসূচি নিয়োগ করিবে।

৫। সরাসরি নিয়োগ।— (১) কোন বাস্তি কোন পদে সরাসরি নিয়োগ জাতের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা
 (খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন বাস্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

- (ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত বাস্তিকে বোর্ড কর্তৃক এতাদেশীয় নিয়ন্ত্রণ চৰকংসা পরিষদ বা চৰকংসা কর্মকর্তা তাহাকে স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনের উপযুক্ত বলিয়া প্রত্যায়ন করেন ;
 (খ) এইরূপ নির্বাচিত বাস্তির পর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, বোর্ডের চাকুরীতে নিয়োগ জাতের জন্য তিনি অন্পোষ্য, নহেন।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সকল পদ অন্ততঃ দ্বিটি জাতীয় দৈনিকে প্রকাশিত উম্মতি বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহবান করিয়া প্রৱণ করা হইবে এবং এইরূপ নিয়োগ-দানের ক্ষেত্রে, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, এতদৃদেশ্যে বোর্ড কর্তৃক নিয়ন্ত্রণ বাছাই কর্মচারী সম্পর্কিতে নিয়োগদান করা হইবে।

৬। শিক্ষান্বিস।—(১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ ছয় মাসের জন্য শিক্ষান্বিস থাকিবেন, তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অন্ধাৎ ছয় মাসের জন্য বাঁকি করিতে পারিবে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষান্বিস মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরামীকার (যদি থাকে) পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করিয়া থাকেন।

৭। পদোন্তির মাধ্যমে নিয়োগ।—(১) বিধি ১৪ এর বিধান সাপেক্ষে, কোন পদে পদোন্তির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কর্মচারী কর্তৃক এতদৃদেশ্যে বাছাইকৃত প্রাপ্তীদের তালিকা বিবেচনাক্রমে নিয়োগ দান করিবে।

(২) কোন ব্যক্তির চাকুরীর ব্যুক্তি (Service record) সন্তোষজনক না হইলে তিনি পদোন্তির মাধ্যমে কোন পদে নিয়োগ লাভের ঘোষণা বলিয়া বিবেচিত হইবেন না।

তৃতীয় অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

৮। যোগদানের সময়।—(১) এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থল-এ বদলীর ক্ষেত্রে একই পদে বা কোন ন্যূন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেয়া হইবে, যথা:—

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন, এবং

(খ) উপর্যুক্ত কর্তৃপক্ষ অন্যমৌলিক পক্ষে প্রক্রিয়াক্ষে অভিবাহিত সময় তবে শর্ত থাকে যে, এই উপ-বিধি অন্যায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে সাধারণ ছুটির দিন গণনা করা হইবে না।

(২) উপ-বিধি (১) এ বাহা কিছুই থাকুক না কেন, যে ক্ষেত্রে বদলীর ফলে বদলীকৃত কর্মচারীকে তাহার ন্যূন কর্মসূলে যোগদানের উদ্দেশ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না সে ক্ষেত্রে ন্যূন কর্মসূলে যোগদানের জন্য এক দিনের বেশী সময় দেওয়া হইবে না; এবং এই উপ-বিধির উদ্দেশ্যে প্রৱণক্ষেপে সাধারণ ছুটির দিনকেও উক্ত যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ উপ-বিধি (১) ও (২) এর অধীন প্রাপ্ত যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৪) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে আনাত বদলাই হইলে, অথবা চাকুরীসহল পরিবর্তন করিতে হয়, এমন কোন নতুন পদে নিয়োগপ্রাপ্ত হইলে, তাহার প্রত্যাতন চাকুরীসহল হইতে, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলাইর আদেশ পাইয়াছেন সেই স্থান হইতে, যাহা উক্ত কর্মচারীর অধিকতর সুবিধাজনক হয়, তাহার খোগানের সময় গণনা করা হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য চাকুরীসহলে বা এক পদ হইতে অন্য পদে খোগানের অন্তর্ভুক্ত তীকালীন সময়ে মেডিকেল সার্টিফিকেট পেশ না করিলা ছুটি গ্রহণ করিলে, তাহার দায়িত্বভার হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ পর্যন্ত যে সময় অর্থাৎ তাহাও ছুটির অন্তর্ভুক্ত হইবে।

(৬) এক কর্মসহল হইতে অন্য কর্মসহলে বদলাইর বাপারে কোন বিশেষ ক্ষেত্রে এই বিধির বিধানাবলী অপর্যাপ্ত প্রতীয়নান হইলে সেই ক্ষেত্রে সরকারী কর্মচারীদের বেলায় প্রযোজ্য বিধি বা আদেশ প্রয়োজনীয় অভিবোজনসহ প্রযোজ্য হইবে।

১। বেতন ও ভাতা।— সরকার বিভিন্ন সময়ে ঘেরপ্প নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেরূপ হইবে।

১০। প্রারম্ভিক বেতন।— (১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরই হইবে তাহার প্রারম্ভিক বেতন।

(২) কোন বাস্তিকে তাহার বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ, সংশ্লিষ্ট বাছাই কমিটির সূপারিশের ভিত্তিতে, উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবলী জারী করে তদন্ত মাঝে বোর্ডের কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

১১। পদোন্তির ক্ষেত্রে বেতন।— কোন কর্মচারীকে পদোন্তি প্রদান করা হইলে, সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে তবে উক্ত সর্বনিম্ন স্তর অপেক্ষা তাহার প্রত্যাতন পদে প্রাপ্ত মূল বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য নির্ধারিত বেতনক্রমের যে স্তরটি তাহার প্রত্যাতন পদের মূল বেতনের অবাবহিত উপরের স্তর হব, সেই স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

১২। বেতন বর্ধন।— (১) বেতন বর্ধন স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত হাবে প্রতোক কর্মচারীর বেতন বৃদ্ধি হইবে।

(২) বেতন বর্ধন স্থগিত রাখা হইলে, উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয় স্থগিতকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট আদেশে, সেই মেয়াদ উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা সাধারণ কর্মের জন্য বোর্ড কোন কর্মচারীকে এক সংগে অনধিক দণ্ডিত বিশেষ বেতন বর্ধন মঞ্জুর করিতে পারিবে।

(৫) যেক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা-সীমা নির্ধারিত রঠিয়াছে সক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্রমতাসম্পন্ন উপযুক্ত কর্তৃপক্ষের সুনির্দিষ্ট মণ্ডৰী ব্যতীত তাহার দক্ষতা সীমার অবাবহিত উপরের বেতন বর্ধন অন্মোদন করা যাইবে না, এইসপুরুরীর ক্ষেত্রে এই মর্মে প্রার্থনের কর্মকর্তার সুপারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজকর্ম, দক্ষতা-সীমা অতিক্রম করার জন্য উপযুক্ত হিল।

১৩। জোষ্টতা।— (১) এই বিধির অন্যান্য বিধানবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জোষ্টতা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট বাছাই কর্মিটি'কর্তৃক প্রস্তুতকৃত মধ্যে তালিকাভিত্তিক স্প্যারিশ অনুসারে উক্ত কর্মচারীদের পারস্পরিক জোষ্টতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্তিপ্রাপ্ত বাহিনাদের মধ্যে পদোন্তিপ্রাপ্ত বাস্তুগণ জোষ্ট হইবেন।

(৪) একাধিক বাস্তুকে একই সময়ে পদোন্তি দেওয়া হইলে, বে পদ হইতে পদোন্তি দেওয়া হইয়াছে সেই পদে তাহাদের পারস্পরিক জোষ্টতার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জোষ্টতা স্থির করা হইবে।

(৫) বোর্ড ইহার কর্মচারীদের প্রেড-ওয়ারী জোষ্টতা তালিকা বকলাবেদ্ধণ করিবে এবং সময় সময় তাহাদের অবগতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।

(৬) The Government Servants (Seniority of Freedom Fighters) Rules, 1979 এবং বিধানসভা, উচ্চতে প্রয়োজনীয় অভিযোজনসহ, বোর্ডের কর্মচারীদের দ্বিতীয়ে প্রয়োজন হইবে।

১৪। পদোন্তিত।— (১) তফসিলের বিধানবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে প্রবত্তী উচ্চতর পদে পদোন্তিতির জন্য বিবেচনা করা যেতে পারে।

(২) কেবলমাত্র জোষ্টতার কারণে কোন বাস্তু অধিকার হিসাবে তাহার পদোন্তিত দাবী নিরিতে পারিবেন না।

(৩) কোন কর্মচারীর চাকুরীর ব্যক্তিক সন্তোষজনক না হইলে, তিনি পদোন্তিতির মাধ্যমে কোন পদে নিয়োগ লাভের যোগ্য বিসিয়া বিবেচিত হইবেন না।

(৪) সংশোধিত নতুন বেতন স্কেলের টাকা ৩৭০০—৪৮২৫ ও তদৰ্থে বেতনক্রমের পদস্থানে পদোন্তিত মেধা-তথ্য-জোষ্টতার ভিত্তিতে হইবে।

(৫) কোন কর্মচারীকে ব্যতিকূমী ক্ষেত্র হিসাবে, তাহার অসাধারণ ক্রতিই, কর্তৃবানিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে, পানী অতিরিক্ত করত পদোন্তিতি দেয়া যাইতে পারে।

১৫। প্রেমণ ও প্রবৰ্দ্ধ।— (১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে, বোর্ড যদি ঘনে ক্ষেত্রে, উহার কোন কর্মচারীর পারস্পরিতি বা তৎকর্তৃক গ্রহীত বিশেষ প্রশিক্ষণ অন্য কোন সংস্থা, আত্মপ্র হাওলাত গ্রহণকারী সংস্থা বলিয়া উচ্চাধিক এর জন্য প্রয়োজনীয়, তাহা হইলে বোর্ড এবং হাওলাত গ্রহণকারী সংস্থার পরস্পরের মধ্যে সম্মত মেয়াদে ও শর্তাধীনে উক্ত সংস্থার কোন পদে প্রেমণে কর্মরত ধার্কিবার জন্য উক্ত কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে:

তবে শর্ত আকে যে, কোন কর্মচারীকে তাহার সম্মতি বাতিয়েকে প্রেমণে কর্মরত ধার্কিবার নির্দেশ দেওয়া হইবে না।

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা বোর্ডের কোন কর্মচারীর চাকুরীর আবশ্যিকতা রাখিয়াছে বলিয়া বোধ করিলে উক্ত সংস্থা বোর্ডকে তৎসম্পর্কে অবহিত করিবে এবং বোর্ড উক্ত কর্মচারীর সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-বিধি (২) তে বাহা কিছুই থাকুক না কেন, প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা:

(ক) প্রেষণের সময়কাল, বার্তাত্তমী ক্ষেত্র ছাড়া, তিনি বৎসরের অধিক হইবে না;

(খ) বোর্ডের চাকুরীতে উক্ত কর্মচারীর পূর্বস্বত্ত্ব থাকিবে এবং প্রেষণের মেয়াদ অন্তে, অথবা উক্ত মেয়াদের পূর্বে, ইহার অবসান ঘটিলে, তিনি বোর্ডে প্রত্যাবর্তন করিবেন;

(গ) হাওলাত গ্রহণকারী সংস্থা তাহার ভাবিষ্য তহাবল ও পেশণশন, যদি থাকে, বাবদ প্রাপ্য অর্থ পরিশোধের নিশ্চয়তা বিধান করিবে।

(৪) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে, তিনি বোর্ডে পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে তাহার পদোন্নতির বিষয়টি অন্যান্যদের সঙ্গে একঘে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে বোর্ডে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে বোর্ড তাহাকে, ফেরত চাহিলে, তিনি যদি যথাসময়ে ফেরত না আসেন, তাহা হইলে, উপ-বিধি (৬) এর বিধান সাপেক্ষে, পদোন্নতির প্রদত্ত পদে তাহার জ্ঞাতিতা উক্ত পদে তাহার প্রকৃত মেগাদামের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থার স্বার্থে প্রেষণে থাকিবার অন্যতি দেওয়া হয়, তাহা হইলে প্রেষণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদোন্নতি দেওয়া যাইতে পারে, এবং এইরূপ ক্ষেত্রে কোন আর্থিক সংরিধি ছাড়াই Next below rule অন্যান্য পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্ঞাতিতা রক্ষা করা হইবে, তবে এইরূপ পদোন্নতি প্রাপ্ত কর্মচারী হাওলাত গ্রহণকারী সংস্থায় প্রেষণে থাকাকালে পদোন্নতিজনিত কোন আর্থিক সংরিধি প্রাপ্ত করার জন্য তাহা বোর্ড ও উক্ত সংস্থা পরস্পরের সম্মতিগ্রামে স্থিরীকৃত হইবে।

(৭) শৃঙ্খলামূলক ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে কর্মরত কর্মচারীর বি঱ুল্মে শৃঙ্খলামূলক কার্যক্রম সংচালন করায় উদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শৃঙ্খলামূলক কার্যক্রম সংচালন করা হইয়াছে তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা বোর্ডকে অবহিত করিবে;

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মচারীর বি঱ুল্মে সূচিত শৃঙ্খলামূলক কার্যধারায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিমত পোষণ করে যে, তাহার উপর কোন দন্ত আরোপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা উহার বেরকর্ডসমূহ বোর্ডের নিকট প্রেরণ করিবে এবং অতঃপর বোর্ড যেইরূপ প্রয়োজন বলিয়া মনে করে সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়

ছুটি, ইত্যাদি

১৬। বিভিন্ন প্রকারের ছুটি— (১) কর্মচারীগণ নিম্নর্বাণ্ডিত যে কোন ধরনের ছুটি পাইবেন, যথা :—

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগৃহীত ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি; এবং
- (জ) নেইমিডিক ছুটি।

(২) উপরোক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যক্তিগত অনুরিধি ছুটি মঞ্চের করিতে পারে এবং ইহা সাধারণ বন্ধের দিনের সাহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইতে পারে।

(৩) বোর্ডের প্রাৰ্ব্ব অনুমোদন লইয়া উপর্যুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্চের করিতে পারে।

১৭। পূর্ণ বেতনে ছুটি।— (১) প্রত্যেক কর্মচারী তৎক্ষণ দার্য়াত পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্ত এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীন অর্জিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে, তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবে একটি প্রাথমিক খাতে জমা দেখানো হইবে; ডাক্তারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে, অথবা বাংলাদেশের বাহিনীর ধর্মীয় সফর; অধ্যয়ন, বা অবকাশ ও চিকিৎসিলেখনে জন্ম; উক্ত জমাক্ত ছুটি হইতে পূর্ণ বেতনে ছুটি মঞ্চের করা যাইতে পারে।

১৮। অর্ধ-বেতনে ছুটি।— (১) প্রত্যেক কর্মচারী তৎক্ষণ দার্য়াত পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১২ হারে অর্ধ-বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ জমা হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) ডাক্তারী সার্টিফিকেট দার্য়াল সাপেক্ষে, অর্ধ-বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে একদিনে পূর্ণ বেতনে ছুটির হারে অর্ধ-বেতনে ছুটিকে পূর্ণ বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে। এবং এইরূপে রূপান্তরিত ছুটির সর্বোচ্চ পরিমাণ হইবে গড়-বেতনে বার মাস।

১৯। প্রাপ্তাবিহীন ছুটি।— (১) ডাক্তারী সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমন্ত চাকুরী জীবনে সর্বোচ্চ বার মাস পর্যন্ত এবং অন্য কোন কারণে হইলে, তিন মাস পর্যন্ত, অর্ধ-বেতনে প্রাপ্তাবিহীন ছুটি মঞ্চের করা যাইতে পারে।

(২) কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার প্রয়োজন প্রাপ্তাবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত ন্যূনত্বাবে উপরিধি (১) এর অধীন কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

২০। বিনা বেতনে অসাধারণ ছুটি।— (১) যখন কর্মচারী অন্য কোন ছুটি পাওনা থাকে বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে বিনা বেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাহাকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ একবারে তিন মাসের অধিক হইবে না, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইতে পারে, যথা—

(ক) যেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতি প্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি বোর্ডে চাকুরী করিবেন, অথবা

(খ) যেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন, অথবা

(গ) যেক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ এই মর্যাদা সন্তুষ্ট হয় যে, উক্ত কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বহিভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) উপর্যুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে ভূতাপেক্ষ কার্যকরতাসহ বিনা বেতনে অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারেন।

২১। বিশেষ অক্ষমতাজনিত ছুটি— (১) কোন কর্মচারী তাহার যথার্থ কর্তৃব্য পালন-ক্ষম বা উহা পালনের পরিণামতে অথবা তাহার পদে অধিষ্ঠিত ধার্কিবার কারণে আঘাতপ্রাপ্ত হইয়া অক্ষম হইলে, উপর্যুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করিতে পারে।

(২) যে অক্ষমতার কারণে বিশেষ অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয়, সেই অক্ষমতা তিন মাসের মধ্যে প্রকাশ না পাইলে, এবং যে বাস্তু অক্ষম হল, সেই বাস্তু উক্ত অক্ষমতার কারণ অবিসম্বে উপর্যুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া এতদ্বায়ে নিয়ন্ত্রিত চিকিৎসা কর্তৃপক্ষ প্রত্যাখন করিবে সেই মেয়াদের জন্য উক্ত ছুটি মঙ্গুর করা হইবে; উক্ত চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যাখন বাতিলেরেকে তাহা বর্ণিত করা হইবে না; এবং এইরূপ ছুটি কোনক্রমে ২৪ মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত করা যাইতে পারে;

(৫) যদি একই ধরনের অবস্থায় প্রবর্তনীকালে কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার প্রস্তাবিত ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা যাইবে, তবে এইরূপ একাধিকবারে মঙ্গুরকৃত ছুটির পরিমাণ ২৪ মাসের অধিক হইবে না, এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণেও মঙ্গুর করা যাইবে।

(৬) শুধুমাত্র আন্তর্ভৌমিকের এবং যেকেতে অবসর ভাতা প্রাপ্তি হয় সেক্ষেত্রে, অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অঙ্গমতাজ্ঞনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিবোজন করা হইবে না।

(৭) বিশেষ অঙ্গমতাজ্ঞনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথা—

(ক) উপ-বিধি (৫) এর অধীনে মঞ্জুরকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চারি মাসের জন্য পূর্ণ বেতন; এবং

(খ) এইরূপ ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ-বেতন।

(৮) এই বিধির অন্যান্য বিধানসভারের প্রয়োজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাহার ব্যাধি কর্তব্য পালনকালে, বা উহা পালনের পরিণতিতে, অথবা তাহার পদে অধিক্ষিত থাকিবার কারণে, দুর্ঘটনাবশতঃ আঘাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক রূপে বহিভূত অসুস্থতা বা জখম বাঢ়াইয়া তোলার সম্ভাবনা থাকে এইরূপ অসুস্থতা বা জখমের দ্রুত অফেন্ড হইয়াছেন।

২২। সংগ্রোধ ছুটি।—(১) কোন কর্মচারীর পরিবারে বা গ্রহে সংক্রামক ব্যাধি থাকার কারণে শীর্ষ আদেশ স্বার্গ তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেয়া হয়, তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্যকর থাকে সেই সময়কাল হইবে সংগ্রোধ ছুটি।

(২) অফিস প্রধান, কোন চিকিৎসা-কর্তৃকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেটের তিনিতে অন্তর্ভুক্ত ২১ দিন অথবা অস্বাভাবিক অবস্থার অন্তর্ভুক্ত ৩০ দিনের জন্য সংগ্রোধ ছুটি মঞ্জুর করিতে পারেন।

(৩) সংগ্রোধের জন্য উপ-বিধি (২) এ উক্তিখিত মেয়াদের অর্তিরিজ্জ ছুটি প্রদেয় হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই বিধিমালার অধীন অন্য কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) সংগ্রোধ ছুটি অন্য যে কোন প্রকার ছুটির সংগে সংযুক্ত করিয়াও মঞ্জুর করা যাইতে পারে।

(৫) সংগ্রোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অনুপস্থিত বলিয়া গণ্য করা হইবে না, এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২৩। প্রস্তুতি ছুটি।—(১) কোন কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রস্তুতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রস্তুতি ছুটি মঞ্জুরীর অন্তর্বে কোন নির্বাচিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনামতে কর্মচারীর প্রাপ্তি অন্য যে কোন ছুটির সাহিত একত্রে বা উহা সম্প্রসারিত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) বোর্ডে কোন কর্মচারীর সম্পূর্ণ চাকুরী জীবনে তাহাকে দ্বিতীয়বারের অধিক প্রস্তুতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২৪। অবসর প্রস্তুতি ছুটি।—(১) কোন কর্মচারী হয় মাস পর্যন্ত পূর্ণ বেতনে এবং আরও ছয় মাস অর্থ-বেতনে অবসর প্রস্তুতি ছুটি পাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর গ্রহণের তারিখ অতিক্রম করার পরেও সম্পূর্ণার্থে করা যাইতে পারে, কিন্তু আটাম বৎসর বয়স-সীমা অতিক্রমের পর উহু সম্পূর্ণ করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে এক মাস পূর্বে অবসর-প্রস্তুতি ছুটির জন্য আবেদন না করিলে তাহার পাওনা ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হইয়া যাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একদিন পূর্বে অবসর প্রস্তুতি ছুটিতে যাইবেন।

২৫। অধ্যায়ন ছুটি।—(১) বোর্ডের চাকরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ বৈজ্ঞানিক, কারিগর বা অনুরূপ সমসামান্য অধ্যায়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোসের অশ গ্রহণের জন্য কোন কর্মচারীকে উপযুক্ত কর্তৃপক্ষ অর্থ-বেতনে অনধিক বার মাস অধ্যায়ন ছুটি মঙ্গ্র করিতে পারে এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যায়ন-ছুটি মঙ্গ্র করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান বে, মঙ্গ্রবীকৃত ছুটির মেয়াদ তাহার অধ্যায়ন বা প্রশিক্ষণ ও পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেক্ষেত্রে সময়ের স্বত্ত্বাত্মক প্ররূপকে উপযুক্ত কর্তৃপক্ষ অনধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যায়ন-ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারে।

(৩) পূর্ণবেতন বা অর্থ-বেতন ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত এককে অধ্যায়ন-ছুটি মঙ্গ্র করা যাইতে পারে, তবে এইরূপ মঙ্গ্রবীকৃত ছুটি কোন ভুগেই এককে মোট দুই বৎসরের অধিক হইবে না।

২৬। নৈমিত্তিক ছুটি।—সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট যতদিন ছুটি নির্ধারণ করিবে কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৭। ছুটির পদ্ধতি।—(১) প্রতোক কর্মচারীর ছুটির হিসাব বোর্ড কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে পর্যবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন বোর্ড কর্তৃক নির্ধারিত ঘরমে ও উপর্যুক্ত কর্তৃপক্ষের নিবট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী বে কর্মকর্তার অধীনে কর্মবিত্ত আছেন তাহার স্পারিশক্রমে উপর্যুক্ত কর্তৃপক্ষ ছুটি মঙ্গ্র করিতে পারে।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা যদি এই মর্যাদা সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মবিত্ত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি, আনুষ্ঠানিক মঙ্গ্রবী আদেশ সাপেক্ষে উক্ত কর্মচারীকে অন্তর্ভুক্ত ১৫ দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

২৮। ছুটিকালীন বেতন।—(১) কোন কর্মচারী পূর্ণবেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অধি-বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের প্রের তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অধি-হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

২৯। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।—ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার প্রের দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অন্তর্প্রভাবে তলব করা হইলে তিনি যে কর্মসূচি ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার পর হইতে তাহাকে কর্মসূচি বিলয় গণ্য করা হইবে এবং এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য বিধি ৩১ অনুসারে তিনি ভ্রমণ ভাতা ও অন্যান্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩০। ছুটির নগদায়ন।—যে কর্মচারী অবসরভাতা, সাধারণ ভাবিষ্য তহবিল ও অবসর-জনিত সর্বিধাদি পরিকল্পন চালু হওয়া সত্ত্বেও উক্ত পরিকল্পনের সুবিধা গ্রহণের জন্য বিধি ৫১ এর অধীন ইচ্ছা প্রকাশ করেন নাই, তিনি তাহার সম্পূর্ণ চাকুরীকালে প্রতি বৎসরে প্রত্যাখ্যাত বা অভোগকৃত ছুটির ৫০% ভাগ নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন; তবে এইরূপ রূপান্তরিত টাকার মোট পরিমাণ তাহার বার মাসের বেতন অপেক্ষা বেশী হওয়া চালিবে না।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-বিধি (১) উল্লিখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।

পঞ্চম অধ্যায়

ভ্রমণ-ভাতা, ইত্যাদি

৩১। ভ্রমণ ভাতা।—বোর্ডের কোন কর্মচারী তাহার দায়িত্ব পালনার্থে বা বদলী উপলক্ষে ভ্রমণকালে যে ভ্রমণ ভাতা ও দৈনন্দিক ভাতা পাইবেন উহার পরিমাণ ও সংশ্লিষ্ট বিষয়াদি এতদুদ্দেশ্যে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হইবে।

৩২। সম্মানী, ইত্যাদি।—(১) বোর্ড উহার কোন কর্মচারীকে সাময়িক প্রকৃতির কোন কর্ম সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা বা উন্নয়নমূলক কর্মসূচিনের জন্য নগদ অর্থ আকারে বা অন্যভাবে সম্মানী বা প্রস্তুতি প্রদান করিতে পারিবে।

(২) এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক সম্পাদিত না হইলে উপ-বিধি (১) এর অধীন কোন সম্মানী বা প্রস্তুতি মজুত করা হইবে না।

৩৩। দায়িত্ব ভাতা।—কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে ২১ দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিলে, তাহার মূল বেতনের শতকরা ২০ ভাগ হারে দায়িত্ব-ভাতা প্রদান করা হইবে।

৩৪। উৎস ভাতা ও বোনাস।—সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক বোর্ডের কর্মচারীগণকে উৎসব ভাতা ও বোনাস প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠি অধ্যায়

চাকুরীর ব্যৱস্থা

৩৫। চাকুরীর ব্যৱস্থা।—(১) প্রতোক কর্মচারীর চাকুরীর ব্যৱস্থা পথক পথকভাবে রাখণাবেক্ষণ করা হইবে এবং উক্ত ব্যৱস্থা বোর্ড কর্তৃক নির্ধারিত চাকুরী বিহুতে সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী এতদ্বিশেষে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার উপলিষ্ঠিতে প্রতি বৎসরে একবার তার চাকুরী বিহু দেখিতে পারিবেন এবং এইরূপে দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ আছে উল্লেখপূর্বক তাৰিখসহ স্বাক্ষর কৰিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বিহু দেখিবার সময় উহাতে কোন বিষয় প্রতিবন্ধিত কর্তৃত্বপ্রাপ্ত হইয়াছে বা বাস পড়িয়াছে বালিয়া মনে কৰিবেন, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য পনের দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার দ্বিতীয়গোচর কৰিবেন এবং উক্ত কর্মকর্তা চাকুরী বিহুতে প্রয়োজনীয় সংশোধন কৰিবেন।

৩৬। বার্ষিক প্রতিবেদন।—(১) বোর্ড ইহার কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কাৰ্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি প্রস্তুত কৰিবে এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে এবং বিশেষ ক্ষেত্ৰে প্রয়োজনবোধে বোর্ড ইহার কোন নির্দিষ্ট কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রতিবেদনকাৰী কর্মকর্তাৰ নিকট হইতে চাহিতে পারিবে।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পাবিবেন না, কিন্তু উহাতে কোন বিৱৰণ ঘৰ্ষণ থাকিলে উহার কৈফিয়ৎ প্রদান কিংবা তাহার নিজেকে সংশোধনের জন্য সংযোগ দেওয়া হইবে।

সপ্তম অধ্যায়

সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৩৭। আচরণ ও শৃঙ্খলা।—(১) প্রতোক কর্মচারী—

(ক) এই বিধিমালা মানিয়া চালিবেন ;

(খ) যে বাস্তি বা বাস্তিবদ্ধের একত্বার, তত্ত্বাবধান ও নির্বন্ধনে আপাততঃ কর্ম নিয়োজিত রহিয়াছেন তাহার বা তাহাদের স্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন কৰিবেন এবং মানিয়া চালিবেন ; এবং

(গ) সততা, নিষ্ঠা ও অধ্যবসায়ের সহিত বোর্ডের চাকুরী কৰিবেন।

(২) কোন কর্মচারী—

(ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশ প্রাপ্ত কৰিবেন না, উহার সাহায্যার্থে চাঁদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা কৰিবেন না এবং বোর্ডের স্বার্থের পরিপন্থী কোন কাৰ্য্যকলাপে নিজেকে জড়িত কৰিবেন না ;

(খ) তাহার অব্যবহৃত উধৃতন কর্মকর্তাৰ প্ৰবেশ-অনুমতি বাতিলেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল তাগ কৰিবেন না ;

- (গ) বোর্ডের সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না;
- (ঘ) কোন বৈমা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না;
- (ঙ) কোন বাবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তিক প্রতিনিধি হিসাবে অন্তর্ভুক্ত কোন বাবসায় পরিচালনা করিবেন না;
- (চ) উপর্যুক্ত কর্তৃপক্ষের প্র্ব অন্তর্ভুক্ত ব্যক্তিকে, বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না; এবং
- (ছ) সরকার বা উপর্যুক্ত কর্তৃপক্ষের অন্তর্বোধ ব্যতীত কোন খণ্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।
- (৫) কোন কর্মচারী বোর্ডের নিকট বা উহার কোন সদস্য বা কর্মকর্তার নিকট কোন ব্যক্তিগণ নিয়েদেন পেশ করিতে পারিবেন না; কোন নিয়েদেন থাকিলে, তাহা কর্মচারীর অবাবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে উহা পেশ করিতে হইবে।
- (৬) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কে কোন দাবীর সমর্থনে বোর্ড বা উহার কোন সদস্য বা কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা অনানিধি প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।
- (৭) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে ইন্সটেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংসদ সদস্য বা অন্য কোন বেসরকারী বা সরকারী ব্যক্তির শরণাপন্ন হইবেন না।
- (৮) কোন কর্মচারী অভ্যাসগত ঝণঝস্ততা পরিহার করিবেন।

৩৮। দন্তের ভিত্তি।— কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী,—

- (ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন, অথবা
- (খ) অসদাচরণের দায়ে দোষী হন, অথবা
- (গ) পলায়নের দায়ে দোষী হন, অথবা
- (ঘ) অদৃশ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন, অথবা
- (ঙ) নিম্নবর্ণিত কারণে দুর্ঘৰ্ষিতপরায়ন হন বা ব্যক্তি সংগতভাবে দুর্ঘৰ্ষিতপরায়ন বলিয়া বিবেচিত হন, যথাঃ—
- (অ) তিনি বা তাহার কোন পোষা বা তাহার মাধ্যমে বা তাহাতর পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ অর্থ সম্পদ বা সম্পত্তি দখলে রাখেন যাহা অর্জনের বৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন, অথবা
- (আ) তাহার প্রকাশ্য আয়ের সংগে সংগতি বশ্য না করিয়া জৈবন ধারণ করেন, অথবা
- (চ) চুরি, আঘাত, তর্হিল, তসরুপ বা প্রতারণার দায়ে দোষী হন, অথবা

(ছ) বোর্ড বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকতাগ্রস্তক কার্য্য লিখ্ত ইন, বা অন্তর্ভুপ কার্য্য লিখ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য বাস্তিদের সহিত সংশ্লিষ্ট রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে যে উক্ত অন্যান্য বাস্তিগণ বোর্ড বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকতাগ্রস্তক কার্য্য লিখ্ত রহিয়াছেন এবং সেই কারণে তাহাকে চাকুরীতে রাখা সমীচীন বলিয়া বিবেচিত হয়,

তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দন্ত আরোপ করিতে পারে।

৩৯। দন্তসমষ্টি।—(১) এই বিধির অধীনে নিম্নরূপ দন্তসমষ্টি আরোপযোগ্য হইবে, বর্ণ্ণ—

(ক) নিম্নরূপ লঘু দন্ত, যথাঃ

(অ) তিরন্তকার,

(আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন-বধন স্থগিত রাখা;

(ই) আধিক সাত দিনের মতো বেতনের সমান টাকা কর্তন।

(খ) নিম্নরূপ গুরুদন্ত, যথাঃ—

(অ) নিম্ন পদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনত করা;

(আ) কর্মচারী কর্তৃক সংঘটিত বোর্ডের আধিক ফুটিতে অংশ বিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ;

(ই) চাকুরী হইতে অপসারণ ; এবং

(ঈ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) কোন কর্মচারী চাকুরী হইতে অপসারিত হওয়ার ক্ষেত্রে নহে বরং চাকুরী হইতে বরখাস্ত হওয়ার ক্ষেত্রে ভবিষ্যতে বোর্ডের চাকুরীতে নিযুক্ত হওয়ার অযোগ্য বলিয়া গণ্য হইবে।

৪০। ধৰ্মসাঙ্কেতিক কার্য্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) বিধি-৩৮(ছ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্য্যাদার স্তুত্যন্ত করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

(ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উচিতভিত্তি তারিখ হইতে তাহার প্রাপ্তি কোন প্রকার ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন।

(খ) লিখিত আদেশ দ্বারা তাহার ব্যাপারে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করে সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমষ্টি সম্পর্কে তাহাকে অবহিত করিবেন এবং

(গ) উপ-বিধি (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটির নিকট উক্ত কর্মচারীর বিরুদ্ধে প্রস্তাৱিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তিসংগত স্বীকৃতি প্রদান করিবেনঃ

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, বোর্ড বা জাতীয় নিরাপত্তার ব্যার্থে তাহাকে অন্তর্ভুপ স্বীকৃতি প্রদান করা সমীচীন নহে, সেক্ষেত্রে তাহাকে অন্তর্ভুপ কোন স্বীকৃতি প্রদান করা হইবে না।

(২) এই বিধির অধীনে কোন কার্য্য ধারার তদন্ত সম্পর্ক করিবার জন্য কর্তৃপক্ষ অভিযন্ত কর্মচারীর পদ মর্যাদার নিম্নে নহেন এমন তিনজন কর্মচারীর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিয়া কর্তৃপক্ষ এর নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেরূপ উপযুক্ত বিলিয়া মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৪১। লঘু দন্তের ক্ষেত্রে তদন্তের পর্যাতি।— (১) এই বিধিমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যাধারা স্থান করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি এইরূপ অভিযোগ পোষণ করে যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে তাহাকে তিনিকার অপেক্ষা গুরুতর দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ—

(ক) অভিযুক্ত বাস্তির বিরুদ্ধে আনন্দিৎ অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবে এবং অভিযুক্ত বাস্তি কর্তৃক অভিযোগনাম প্রাপ্তির সাতটি কার্য দিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ৎ দেওয়ার জন্য এবং তিনি বাস্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য তাহাকে নির্দেশ প্রদান করিবে; এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত বাস্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ৎ যদি কিছু থাকে, বিবেচনা করিবে এবং তিনি যদি বাস্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে বাস্তিগতভাবে শুনানীর স্বৈর্য দেওয়ার পর অথবা, নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ৎ পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘু দণ্ড প্রদান করিতে পারে যাহাতে অভিযুক্ত বাস্তিকে লিখিতভাবে অভিযোগ সম্পর্কে অবহিত করার তারিখ হইতে তিনিটি কার্যাদিবসের মধ্যে সম্পূর্ণ কার্যক্রম সমাপ্ত হয় :

তবে শর্ত থাকে যে নির্দিষ্ট সময় অভিবাহিত হওয়ার প্রৱে অভিযুক্ত বাস্তি যদি কৈফিয়ৎ পেশ করার উদ্দেশ্যে অভিযোগ সময়ের জন্য আবেদন করেন, তবে কর্তৃপক্ষ, যথাযথ মনে করিলে, কৈফিয়ৎ পেশ করার জন্য দশটি কার্যাদিবস পর্যন্ত সময় ব্যাপ্তির অনুমতি প্রদান করিতে পারিবেন :

